ঝিনাইদহে অবৈধ স্থাপনা উচ্ছেদ ও পরিচ্ছন্নতা অভিযান

পরিচ্ছন্ন জেলা গড়তে এবং জনদুর্ভোগ কমাতে ঝিনাইদহে মহাসড়কের পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদ ও পরিচ্ছন্নতা অভিযান শুরু হয়েছে।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) সকাল ১০টায় জেলা শহরের চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড এলাকায় এ অভিযানের উদ্বোধন করেন ঝিনাইদহে স্থানীয়র সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়।

জেলা প্রশাসন ও সড়ক বিভাগের উদ্যোগে স্কাউটের সহযোগীতায় শহরের চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড থেকে শুরু করে আরাপপুর জামতলা হয়ে আরাপপুর মোড়, পাগলা কানাই সড়ক, চুয়াডাঙ্গা সড়কসহ শহরের বিভিন্ন স্থানে পরিচ্ছন্ন অভিযান করা হয়। এ সময় মহাসড়কের পাশে থাকা কাঠের গুড়ির ভাগাড়, বালুর স্তুপ সহ অস্থায়ী অবকাঠামো অপসারণ করা হয়।

স্থানীয় সরকার বিভাগের বিভাগের উপপরিচালক রথীন্দ্র নাথ রায় বলেন, জনভোগান্তি নিরসন ও পরিচ্ছন্ন জেলা গড়তে এ অভিযান অব্যাহত থাকবে। সড়ক-মহাসড়কের পাশে কোন অবৈধ স্থাপনা ও সামগ্রী রাখা থেকে জনগনকে বিরত থাকতে হবে। শহরটি সবার, সবাই মিলে শহরকে সুন্দর রাখার চেষ্টা করা উচিত।

চুয়াডাঙ্গায় উচ্ছেদ করা হচ্ছে অবৈধ স্থাপনা

চুয়াডাঙ্গা বিভিন্ন সময় গড়ে ওঠা অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান শুরু হয়েছে। দুর্ঘটনা রোধে সড়কের দুপাশে গড়ে ওঠা এই অবৈধ স্থাপনা উচ্ছেদ করছে সড়ক ও জনপথ বিভাগ।

বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার সময় থেকে এই অভিযান শুরু হয়ে চলে বিকাল পাঁচটা পর্যন্ত। চুয়াডাঙ্গা শহরের পৌর এলাকা ভিমরুল্লা থেকে জীবননগর পৌর এলাকা পর্যন্ত এই উচ্ছেদ অভিযান চালানো হয়।

একই সাথে অবৈধ স্থাপনা উচ্ছেদ করে খুঁটি দিয়ে চিহ্নিত করা হচ্ছে সড়ক বিভাগের জায়গাগুলো। চুয়াডাঙ্গার প্রায় ৫০টি স্থানে ওই উচ্ছেদ অভিযান চলবে বলে জানা গেছে।

সড়ক ও জনপথ অধিদফতরের খুলনা জোনের এস্টেট ও আইন কর্মকর্তা নির্বাহী ম্যাজিস্ট্রেট অনিন্দিতা রায় এ উচ্ছেদ অভিযান পরিচালনা করেন। এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী মুহাম্মদ মনজুরুল করিম, উপ-বিভাগীয় প্রকৌশলী মোহাম্মদ সুজাত কাজী, উপ-সহকারী প্রকৌশলী কাজী আজিজুর রহমানসহ পুলিশ ও ফায়ার সার্ভিসের একটি করে ইউনিট।

সড়ক ও জনপথ বিভাগ সূত্রে জানা গেছে, সড়ক ও জনপথ বিভাগের আঞ্চলিক সড়কের দুপাশে জায়গা দখল করে অবৈধভাবে পাকা, আধাপাকাসহ বিভিন্ন স্থাপনা নির্মাণ করেন স্থানীয়রা। সড়ক বিভাগ নোটিশ ও মাইকিং করে স্থাপনাগুলো সরিয়ে নিতে বললেও তা সরিয়ে নেননি অবৈধ দখলদাররা। তাই আজ সকাল থেকে উচ্ছেদ অভিযান শুরু হয় চলবে শুক্রবার পর্যন্ত। চুয়াডাঙ্গা পৌর এলাক থেকে জীবননগর পৌর এলাকা পর্যন্ত সকল অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হবে বলে জানান সড়ক ও জনপথ বিভাগ।